গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীন সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

**নম্বর:** ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৪.১৬৩

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে ধান ও চাল সংগ্রহ বিষয়ক নির্দেশনা।**

অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে ইতোমধ্যে ৫.০০ লক্ষ মে.টন ধান, ১১.০০ লক্ষ মে.টন সিদ্ধ চাল এবং ১.০০ লক্ষ মে.টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারি বিভাজন মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে ধান, সিদ্ধ চাল ও আতপ চাল সংগ্রহ সফল করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। অবিলম্বে জেলা ও উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা করে কৃষকের অ্যাপ বহির্ভূত উপজেলাসমূহে প্রয়োজনে লটারি করে কৃষক নির্বাচন করতে হবে। কৃষকের অ্যাপভুক্ত উপজেলাসমূহে রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করে সিস্টেমে লটারি করে কৃষক নির্বাচনপূর্বক দ্রুত ধান সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মিলারের সাথে চুক্তি সম্পন্ন করতে হবে;
২। চুক্তি সম্পন্ন হওয়ার পরপরই মিলারদের অনুকূলে চুক্তিকৃত পরিমাণ চালের বরাদ্দপত্র ইস্যুকরত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুলিপি প্রদানপূর্বক স্ব স্ব জেলার ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে;
৩। ধান সংগ্রহের বার্তাটি মাইকিং, লিফলেট বিতরণ, স্থানীয় ক্যাবল টিভি স্ক্রলে প্রদর্শনের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪। চলমান চাল সংগ্রহ মৌসুমে মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অপেক্ষা বরাদ্দ কম হওয়ায় ৩০ জুন/২০২৪ এর মধ্যে ৬০%, জুলাই/২০২৪ এর মধ্যে ৮০% এবং আগস্ট/২০২৪ এর মধ্যে ১০০% চাল সংগ্রহ সম্পন্ন করার জন্য (তারিখ, পরিমাণ, সময়ভিত্তিক (Period) শিডিউল প্রস্তুতপূর্বক) জেলা, উপজেলা ও গুদামভিত্তিক রোডম্যাপ তৈরি করে সে অনুযায়ী সংগ্রহ সম্পন্ন করতে হবে;
৫। চুক্তিযোগ্য যে সকল মিল মালিক নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি সম্পাদন করবেন না অথবা চুক্তি সম্পাদন করে কোনো চাল সরবরাহ করবেন না এমন মিল মালিকদের বিরুদ্ধে অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর আওতায় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬। গত আমন সংগ্রহ, ২০২৩-২৪ মৌসুমে যে সকল মিল চুক্তিযোগ্য ছিল কিন্তু চুক্তি করেনি সে সকল মিল চলতি বোরো, ২০২৪ মৌসুমে চুক্তি থেকে বারিত থাকবে;
৭। ধান ও চাল সংগ্রহ কার্যক্রম যুগপৎভাবে বাস্তবায়ন ও ত্বরান্বিত করতে হবে;
৮। বিনির্দেশসম্মত ধান ও চাল সংগ্রহের জন্য অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসারে ২০২৪ সালে উৎপাদিত বোরো ধান ও চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯। হাস্কিং মিলারগণ চুক্তিকৃত চাল সর্টিং করে গুদামে সরবরাহ করবেন;
১০। খাদ্যগুদামসমূহে কৃষক বান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে। কৃষক যেন কোনো ক্রমেই হয়রানির শিকার না হয় তা নিশ্চিত করতে হবে;
১১। গুদামে স্থান সংকুলান না হলে চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্ব স্ব অধিক্ষেত্রে বিধি মোতাবেক স্থান সৃষ্টির লক্ষ্যে চলাচল সূচি জারি করবেন;
১২। প্রতিটি এলএসডি/ সিএসডিতে ধান সংগ্রহের জন্য অবশ্যই খালি জায়গার ব্যবস্থা রাখতে হবে;
১৩। মন্ত্রণালয়ের ৩১.০৫.২০২১ তারিখের ১০৮ নং স্মারকে জারিকৃত নির্দেশনা অনুযায়ী সংগ্রহ মৌসুম চলাকালীন ধান ছাঁটাই কার্যক্রম গ্রহণ করতে হবে। ধান ছাঁটায়ের ক্ষেত্রে যে কোনো অনিয়মের জন্য কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;
১৪। সংগৃহীত চালের প্রতিটি বস্তায় সর্বশেষ নির্দেশনা অনুযায়ী স্টেনসিল প্রদান নিশ্চিত করতে হবে। স্টেনসিল প্রদানে ব্যত্যয় হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৫। অভ্যন্তরীণ সংগ্রহের শুরু থেকেই চাল ও গমের প্রতিটি খামাল ১২০-১২৫ মে.টন এবং ধানের ক্ষেত্রে ৭৫-৮০ মে.টন করে গঠন করতে হবে, এক্ষেত্রে নিয়মিতভাবে খামালসমূহ পরিচর্যা ও রুটিন মাফিক স্প্রে কার্যক্রম পরিচালনা করতে হবে;
১৬। প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর থেকে সংগ্রহের দৈনিক প্রতিবেদন ইমেইলে তথ্য খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে ও এমআইএসএন্ডএম বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;
১৭। জাতীয়ভাবে ০৭.০৫.২০২৪ খ্রি. তারিখে একযোগে সারাদেশে ৮ বিভাগে ধান ও চাল সংগ্রহের শুভ উদ্বোধন করায় স্থানীয়ভাবে পুনরায় কোন আনুষ্ঠানিকতার অযুহাতে সংগ্রহ কার্যক্রম বিলম্বিত করা যাবে না;
১৮। খাদ্য মন্ত্রণালয়ের ০৬.০৫.২০২৪ খ্রি. তারিখের ১৫৭ নম্বর স্মারক ও ০৬.০৫.২০২৪ খ্রি. তারিখের ১৫৮ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক জিংকসমৃদ্ধ ধান ও চাল সংগ্রহ করতে হবে। সংগৃহীত জিংকসমৃদ্ধ ধান ও চাল পৃথকভাবে খামাল গঠন করতে হবে।

১৭-০৫-২০২৪
মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
+৮৮০২৫৫১০০০৮৮ (ফোন)
+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)
secretary@mofood.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
৪। বিভাগীয় কমিশনার (সকল);
৫। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৬। জেলা প্রশাসক (সকল);
৭। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় এবং
৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।

১৯-০৫-২০২৪
মোঃ আবু নাসার উদ্দিন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৪৯.২৪.৩০৯

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

মন্ত্রণালয়ের পত্রের আলোকে সংশ্লিষ্ট সকলকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



২৩-০৫-২০২৪
মোঃ মনিরুজ্জামান
পরিচালক (চলতি দায়িত্ব)
+৮৮-০২-৪১০৫০১৭৮
dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

**স্মারক নম্বর:**

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়;
২। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
৩। বিভাগীয় কমিশনার (সকল);
৪। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৫। জেলা প্রশাসক (সকল);
৬। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য;
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;
৮। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর;
৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ............................... এবং
১১। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৩-০৫-২০২৪
মোঃ মনিরুজ্জামান
পরিচালক (চলতি দায়িত্ব)